গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
শিক্ষা ভবন, ঢাকা

বিষয় : বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মোঃ কামাল হোসেন<br>পরিচালক, প্রশাসন ও অর্থ (অ.দা) |
| তারিখ | : | ১২ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রি. |
| সময় | : | সকাল ১০.৩০টা |
| স্থান | : | সভাকক্ষ, সিপিইআইইউএম, শিক্ষা ভবন, ঢাকা। |

ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সভাপতি জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক, প্রশাসন ও অর্থ (অতিরিক্ত দায়িত্ব) মহোদয়ের সভাপতিত্বে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে অংশীজনদের অবহিতকরণ সভা অনুষ্ঠিত হয়। সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কার্যক্রম শুরু করেন।

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের তালিকা "পরিশিষ্ট ক"-তে সন্নিবেশ করা হলো।

২। সভায় ইউনিটের অংশীজনের মতামত পাওয়া যায়। সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন পরিবীক্ষণ কমিটির সদস্য সচিব জনাব মোঃ জিল্লুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন) বলেন, মন্ত্রিপরিষদ বিভাগ হতে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২০২৪ দেওয়া হয়েছে। তিনি সেবা প্রদান প্রতিশ্রুতির প্রাতিষ্ঠানিক ও সক্ষমতা অর্জনের লক্ষ্যে কর্মসম্পাদন সূচকসমূহ বাস্তবায়নের জন্য সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান, মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে আপলোডকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেনস চার্টার) প্রণয়ন সংক্রান্ত নির্দেশিকা, ২০১৭ অনুযায়ী ইউনিটের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে প্রতি ত্রৈমাসিকে ইউনিটের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি বক্সে আপলোড করার কাজ চলমান আছে। ২০২৩-২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনার ১.১ কার্যক্রম অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের নির্দেশনা রয়েছে। তিনি ২০২৩-২৪ অর্থবছরে ৩য় ত্রৈমাসিকে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি সভায় উপস্থাপন করেন।

৩। জনাব মোঃ কামাল হোসেন, পরিচালক (প্রশাসন ও অর্থ) ও সভাপতি মহোদয় স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সংশ্লিষ্ট সকলকে ডি-নথির মাধ্যমে নথি নিষ্পত্তি করার অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় ২০২৩-২০২৪ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা আন্তরিকতার সঙ্গে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে আহ্বান ও ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৯/০২/২০২৪
মোঃ কামাল হোসেন
পরিচালক, প্রশাসন ও অর্থ
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৯১
ই-মেইল: cpeimu2011@gmail.com

E:\Arafat Hossain\সুশাসন ২০২৩-২০২৪ Updated on 24.09.2023\সেবা প্রদান প্রতিশ্রুতি, ২০২৩-২০২৪\সেবা প্রদান অংশীজনের অংশগ্রহণে সভার কার্যবিবরণী 12.02.2024.docx

২১৮

স্মারক নং-৩৮.২০৫.০০১.০১.০০০.০৫৯.২০১৬. ৫৮৮/১

তারিখ: ১২ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
২৫ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১। পরিচালক (প্রশাসন ও অর্থ)/(মনিটরিং-১/২), বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
২। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপপরিচালক (প্রশাসন)/(অর্থ ও হিসাব)/উপপরিচালক (সকল) বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৪। উপপরিচালক (প্রশাসন), এ ইউনিট। কার্যবিবরণীটি ইউনিটের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
৫। জনাব মোঃ আনোয়ার পারভেজ, হিসাবরক্ষণ অফিসার। বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৬। জনাব/বেগম ........................................, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, ঢাকা।
৭। পিএ টু মহাপরিচালক, এ ইউনিট। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৮। অফিস কপি।

মোঃ জিল্লুর রহমান
সহকারী পরিচালক (প্রশাসন)
ফোন:+৮৮০-২-৪১০৫০৩৮৮
ই-মেইল: cpeimu2011@gmail.com